



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ : ২৬ নভেম্বর ২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ পাশের হার ১৫.৬০%

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল আজ ২৬ নভেম্বর ২০১৭ তারিখ রবিবার বিকাল ৩ টায় অনলাইনের মাধ্যমে প্রকাশিত হয়েছে। ‘ক’ ইউনিটে পাশের হার ১৯.৭৯%, ‘খ’ ইউনিটের পাশের হার ৮.২২% এবং ‘গ’ ইউনিটে পাশের হার ১৩.০১%। ৩ টি ইউনিটে সামগ্রিকভাবে পাশের হার ১৫.৬০%। উপাচার্য মহোদয়ের কক্ষে আয়োজিত ফলপ্রকাশ অনুষ্ঠানে আনুষ্ঠানিক ভাবে অনলাইনের মাধ্যমে ফলাফল কার্যক্রম প্রকাশের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, ফলাফল প্রস্তুতকরণ ও তথ্যপ্রদান ইউনিটের সমন্বয়ক সিএসই বিভাগের চেয়ারম্যান বঙ্গবন্ধু হলের প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট মোঃ ইব্রাহীম মোল্লা, সাধারণ সম্পাদক আবু জাফর মিয়া, বিশ্ববিদ্যালয়ের ২০টি বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। ফলাফল প্রকাশ অনুষ্ঠানে উপাচার্য মহোদয় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয় গুলোর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ই একমাত্র পথিকৃত যেখানে ভর্তি পরীক্ষা পদ্ধতিতে প্রচলিত “ঘ” ইউনিট বাতিল করা হয়েছে এবং ভর্তি পরীক্ষায় ডিজিটাল ডিভাইস এর অপব্যবহার রোধে পরীক্ষা কেন্দ্রে অত্যাধুনিক ইলেকট্রনিক জ্যামার স্থাপন করেছে। উপাচার্য মহোদয় ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় বরিশালবাসী, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বিভিন্ন গণমাধ্যম, সাংবাদিক এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://admission.eis.bu.ac.bd> এ পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস